

ছিন ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট

ব্যাংকসমূহে স্কুল ব্যাংকিং কার্যক্রম এর ডিসেম্বর ৩১, ২০১৩ ভিত্তিক হালনাগাদ প্রতিবেদন

স্কুল ছাত্র/ছাত্রীদেরকে ব্যাংকিং সেবা ও প্রযুক্তির সাথে পরিচিত করা এবং সঞ্চয়ের মাধ্যমে কোমলমতি ছাত্র-ছাত্রীদের অর্থনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণের মাধ্যমে দেশের আর্থিক সেবাতুল্য বৃদ্ধির লক্ষ্যে বিশেষ গুরুত্বের সাথে স্কুল ব্যাংকিং প্রচলন করার জন্য নভেম্বর ০২, ২০১০ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-১২ এর মাধ্যমে সকল তফসিলী ব্যাংককে পরামর্শ দেয়া হয়েছিল। এরই ধারাবাহিকতায় ব্যাংকগুলো ছাত্র/ছাত্রীদের জন্য আকর্ষণীয় মুনাফা সহ বিভিন্ন স্কীম চালুর মাধ্যমে স্কুল ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে। জুন ৩০, ২০১৩ পর্যন্ত ব্যাংকগুলোর স্কুল ব্যাংকিং কার্যক্রমের তথ্যাদি ঘান্নাসিক ভিত্তিতে সংগ্রহ করা হতো। জিবিসিএসআরডি সার্কুলার নং-০৭ তারিখঃ অক্টোবর ২৮, ২০১৩ এর মাধ্যমে ব্যাংকগুলোকে হতে স্কুল ব্যাংকিং কার্যক্রমের হালনাগাদ তথ্যাদি ত্রৈমাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকে দাখিল করার নির্দেশনা দেয়া হয়। ব্যাংকগুলো হতে প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে স্কুল ব্যাংকিং কার্যক্রমের হালনাগাদ তথ্যাদির তুলনামূলক চিত্র নিম্নে তুলে ধরা হলোঃ

জুন ৩০, ২০১৩ ভিত্তিক এবং ডিসেম্বর ৩১, ২০১৩ ভিত্তিক স্কুল ব্যাংকিং এর আওতায় খোলা ব্যাংক হিসাবের তথ্যঃ

ব্যাংকসমূহ	জুন ৩০, ২০১৩ ভিত্তিক হিসাব সংখ্যা	ডিসেম্বর ৩১, ২০১৩ ভিত্তিক হিসাব সংখ্যা	হিসাব সংখ্যা হ্রাস/বৃদ্ধি
রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক (০৪টি)	৪,২৭০	২৭১৫৬	২২৮৮৬
বিশেষায়িত ব্যাংক (০৪টি)	৪,২৭৯	৩২৯৮৩	২৮৭০৪
বেসরকারী বাণিজ্যিক ব্যাংক (৩০টি)	২১৫,৫৯৭	২৩৫১৬১	১৯৫৬৪
বিদেশী ব্যাংক (০৯টি)	৫৭৩	৪৯৫	(৭৮)
২০১৩ সালে তফসিলভুক্ত ব্যাংক (০৯টি)	-	৭	৭
সর্বমোট(৫৬টি ব্যাংক)	২,২৪,৭১৯	২,৯৫,৮০২	৭১,১৬৯

বিশ্লেষণঃ স্কুল ব্যাংকিং এর আওতায় জুন ৩০, ২০১৩ তারিখ পর্যন্ত মোট ৪৭টি ব্যাংকের মধ্যে ৪৬টি ব্যাংকে রক্ষিত মোট হিসাবের সংখ্যা ছিল প্রায় ২.২৫ লক্ষ। অন্যদিকে, ডিসেম্বর ৩১, ২০১৩ তারিখ পর্যন্ত মোট ৫৬টি ব্যাংকের মধ্যে (নতুন ০৯টি তফসিলী ব্যাংকসহ) ৪৭টি ব্যাংকে মোট হিসাবের সংখ্যা ৭১,১৬৯ (একাত্তর হাজার একশত ঊনসত্তর) বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে প্রায় ২.৯৬ লক্ষ। উল্লেখ্য, নতুন ০৯টি ব্যাংকের মধ্যে শুধু মেঘনা ব্যাংক লিঃ স্কুল ব্যাংকিং এর আওতায় হিসাব খুলেছে।

জুন ৩০, ২০১৩ ভিত্তিক এবং ডিসেম্বর ৩১, ২০১৩ ভিত্তিক স্কুল ব্যাংকিং এর আওতায় খোলা হিসাবে টাকার স্থিতির তথ্যঃ

ব্যাংকসমূহ	জুন ৩০, ২০১৩ ভিত্তিক স্থিতি (কোটি টাকায়)	ডিসেম্বর ৩১, ২০১৩ ভিত্তিক স্থিতি (কোটি টাকায়)	স্থিতি হ্রাস/বৃদ্ধি
রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক (০৪টি)	১.৪৭	২.৯২	১.৪৫
বিশেষায়িত ব্যাংক (০৪টি)	১.০৫	৩.০১	১.৯৬
বেসরকারী বাণিজ্যিক ব্যাংক (৩০টি)	১২৪.৩৩	২৯৬.৯৩	১৭২.৬
বিদেশী ব্যাংক(০৯টি)	১.৬২	২.৯৩	১.১৩
২০১৩ সালে তফসিলভুক্ত ব্যাংক (০৯টি)	-	০.০০১৩	০.০০১৩
সর্বমোট(৫৬টি ব্যাংক)	১২৮.৪৭	৩০৫.৭৯	১৭৭.১৪

বিশ্লেষণঃ স্কুল ব্যাংকিং এর আওতায় জুন ৩০, ২০১৩ তারিখ পর্যন্ত মোট ৪৭টি ব্যাংকের মধ্যে ৪৬টি ব্যাংকে মোট স্থিতি ছিল প্রায় ১২৮.৪৭ কোটি টাকা। অন্যদিকে, ডিসেম্বর ৩১, ২০১৩ তারিখ পর্যন্ত মোট ৫৬টি ব্যাংকের মধ্যে (নতুন ০৯টি তফসিলী ব্যাংকসহ) ৪৭টি ব্যাংকে মোট স্থিতি প্রায় ১৭৭.১৪ কোটি টাকা বৃদ্ধি পেয়ে প্রায় ৩০৫.৭৯ কোটি টাকায় দাঁড়িয়েছে।

পাতা/০২

ডিসেম্বর ৩১, ২০১৩ ভিত্তিক হালনাগাদ হিসাবের ভিত্তিতে শীর্ষ ০৫ ব্যাংক ও হিসাবের সংখ্যাঃ

ক্রমিক নং	ব্যাংকের নাম	হিসাব সংখ্যা
১	ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড	৪৬৬১৭
২	উত্তরা ব্যাংক লিমিটেড	৪৫৮৯৫
৩	ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড	৩৪৯০৫
৪	রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	৩০১৫১
৫	ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক বাংলাদেশ	২০০২৬

ডিসেম্বর ৩১, ২০১৩ ভিত্তিক হালনাগাদ স্থিতির ভিত্তিতে শীর্ষ ০৫ ব্যাংক ও স্থিতির সংখ্যাঃ

ক্রমিক নং	ব্যাংকের নাম	স্থিতি (কোটি টাকায়)
১	ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড	১১৮.৮
২	ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ	৩২.৯৭
৩	ইস্টার্ন ব্যাংক লিমিটেড	৩০.৬৭
৪	মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড	১৫.৭৫
৫	ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক বাংলাদেশ	১৫.২১

ব্যাংকসমূহের সার্বিক মূল্যায়নঃ

স্কুল ব্যাংকিং এর আওতায় ডিসেম্বর ৩১, ২০১৩ তারিখে ৪৭টি ব্যাংকের মাধ্যমে আঞ্চলিক পর্যায়ের তুলনায় শহর এলাকায় বেশী হিসাব খুলা হয়েছে। ব্যাংকসমূহে মোট প্রায় ২.৯৬ লক্ষ হিসাবের মধ্যে বেসরকারী বাণিজ্যিক ব্যাংকগুলোর হিসাব সংখ্যা প্রায় ১.৭১ লক্ষ এবং স্থিতি প্রায় ২৩৮.২৪ কোটি টাকা যা অন্যান্য সকল শ্রেণীর ব্যাংকের তুলনায় সর্বোচ্চ স্থানে আছে। স্কুল ব্যাংকিং এর আওতায় বেসরকারী বাণিজ্যিক ব্যাংকগুলোর মোট স্থিতি ব্যাংকসমূহের মোট স্থিতির ১২% যা অত্যন্ত আশাব্যঞ্জক। প্রায় ৪৮০০টি স্কুল হতে ছাত্র-ছাত্রীদের বেতন/ফি সংগ্রহ করা হয়েছে। চলতি ত্রৈমাসিকে এসব হিসাবে প্রায় ৮৮.০০ কোটি টাকা জমা হয়েছে এবং প্রায় ৫৪.০০ কোটি টাকা হিসাবসমূহ হতে উত্তোলন করা হয়েছে যার মধ্যে এটিএম এর মাধ্যমে উত্তোলন করা হয়েছে প্রায় ১১.০০ কোটি টাকা। ব্যাংকসমূহের মোট স্থিতির প্রায় ১৩% স্থিতি স্কুল ব্যাংকিং হিসাবের মাধ্যমে জমা করা হয়েছে যা অত্যন্ত আশাব্যঞ্জক। ডিসেম্বর ৩১, ২০১৩ তারিখ পর্যন্ত ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড সর্বোচ্চ ৪৬৬১৭টি হিসাব খুলেছে এবং উক্ত ব্যাংক স্থিতির ভিত্তিতেও শীর্ষে (প্রায় ১১৮.৮কোটি টাকা) অবস্থান করছে।
